**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 30.03.24** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনে প্রথম দফা ভোটের জন্য প্রার্থী পদ প্রত্যাহারের আজই ছিলশেষ দিন।

দ্বিতীয় দফায় তিনটি আসনে নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া চলছে।

২) রাজ্য জুড়ে জোরকদমে চলেছে নির্বাচনী প্রচার।

৩) রেশন দুর্নীতিকান্ডে জেলবন্দী শেখ শাহজাহানকে জিজ্ঞাসাবাদের পর আজ গ্রেপ্তার করেছে ইডি।

৪) উচ্চমাধ্যমিকে সেমিস্টার ব্যবস্থাতেও থাকছে পাশ ফেল প্রথা।

৫) স্বামী গৌতমানন্দজী মহারাজ রামকৃষ্ণ মঠ ও মিশনের অন্তর্বর্তীকালীন অধ্যক্ষ হচ্ছেন।

---

লোকসভা নির্বাচনে প্রথম দফা ভোটের জন্য প্রার্থীপদ প্রত্যাহারের আজ'ই শেষ দিন।

প্রথম দফার নির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষার পর কোচবিহারে ৩ জনের প্রার্থীপদ বাতিল হয়েছে। এরা সকলেই নির্দল প্রার্থী। ১৭টি মনোনয়ন সেখানে জমা পড়েছিল। জলপাইগুড়িতে বিভিন্ন দলের জমা পড়া ১৩ টি মনোনয়ন পত্রের মধ্যে একজনের প্রার্থীপদ বাতিল হয়ে গেছে বলে জেলাশাসক সামা পারভিন জানিয়েছেন। এই দফায় ১৯-শে এপ্রিল কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কেন্দ্রে ভোটগ্রহণ।

এদিকে, কোচবিহারে কংগ্রেস প্রার্থী পিয়া রায় চৌধুরী আজ মনোনয়ন প্রত্যাহারের জন্য আবেদন করলেও নির্দিষ্ট সময় পেরিয়ে যাওয়ায় তা খারিজ হয়। ফলে এই আসনে বাম কংগ্রেস জোট থাকছেনা। বাম শরিক ফরোয়ার্ড ব্লক এই আসনে প্রার্থী করেছে নীতিশ চন্দ্র রায়কে।

দ্বিতীয় দফায় তিনটি আসনে লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া চলছে। চৌঠা এপ্রিল পর্যন্ত মনোনয়ন দাখিল করা যাবে। ৫’ই এপ্রিল সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৮’ই এপ্রিল। এই দফায় ২৬শে এপ্রিল দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট কেন্দ্রে ভোট গ্রহণ।

---------------------

নির্বাচন কমিশন আসন্ন লোকসভা নির্বাচনে ভোটকর্মীদের পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেওয়ার ক্ষেত্রে নিয়মের কিছুটা পরিবর্তন করেছে। পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার জন্য এবার ভোট গ্রহনের নির্দিষ্ট দিনের আগে মহকুমাস্তরে ফেসিলিটেশন সেন্টারে গিয়ে ভোট দেওয়ার জন্য প্রশিক্ষনের সময়ই ভোটকর্মীদের ফর্ম দিয়ে দেওয়া হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। ডাকযোগের পরিবর্তে

ব্যালট পেপারগুলি ব্যালট বাক্সে করে স্ট্রং রুমে নিয়ে যাওয়া হবে। ভোট গ্রহনের জন্যে এইরকম প্রতিটি কেন্দ্রে তিনজন ভোটকর্মী ছাড়াও নিরাপত্তার জন্য পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী থাকবে।

---------------------

লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে উপলক্ষে রাজ্য জুড়ে নিরাপত্তা তৎপরতার মধ্যেই বিএসএফ, গতকাল বিশেষ অভিযানে গেদে রেল স্টেশন থেকে চার জন সোনা পাচারকারীকে আটক করেছে। প্রায় সাড়ে চার কোটি টাকা মূল্যের বিদেশি সোনা উদ্ধার হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। বাংলাদেশ থেকে সোনা পাচার করা হচ্ছিল বলে জানা গেছে।

অন্যিদকে, গত ২৭ শে মার্চ বন্দরের স্পেশাল ইনভেসটিগেশন ইন্টেলিজেন্স ব্রাঞ্চ প্রায় ২ কোটি মূল্যের মাদক ট্যাবলেট উদ্ধার করেছে বলে কমিশন সূত্রে জানানো হয়েছে।

---------------------

লোকসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জমে উঠেছে নির্বাচনী প্রচার। ভোটারদের মন জয় করতে ব্যস্ত বিভিন্ন দলের তারকা প্রার্থীরা।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ হাওড়ার উলুবেড়িয়ায় দলীয় কর্মকর্তাদের সম্মলনে যোগ দেন। শিক্ষক নিয়োগ থেকে শুরু করে রেশন দুর্নীতি নিয়ে ফের সরব হন তিনি। বিরোধী দলনেতা বলেন, সব প্রকল্পে রাজনীতিকরণ করছে তৃণমূল কংগ্রেস। কেন্দ্র টাকা দিচ্ছে কিন্তু মানুষ তা পাচ্ছে না।

বাইট

এদিন বিরোধী আইএনডিআইএ-কেও নিশানা করে তিনি বলেন এটি আসলে দুর্নীতিগ্রস্তদের জোট।

এদিকে, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ মথুরাপুর লোকসভা কেন্দ্রের অন্তর্গত কুলপি বিধানসভা এলাকায় কর্মী সভায় অংশ নেন। ক্ষমতায় এলে লক্ষীর ভান্ডার প্রকল্পে তিন হাজার টাকা করে দেওয়া হবে বলে বিজেপি যে দাবি করেছে, তাকে কটাক্ষ করে অভিষেক বলেন, আগে ৫ বছর বিনা মূল্যে রান্নার গ্যাসের ব্যবস্থা করুক কেন্দ্রীয় সরকার। তিনি বিভিন্ন প্রকল্প নিয়ে শ্বেতপত্র প্রকাশের দাবি জানান।

বাইট

কলকাতা উত্তরে কংগ্রেস প্রার্থী প্রদীপ ভট্টাচার্যের হয়ে আজ প্রচারে অংশ নেন বিমান বসু সহ বাম নেতারা।

দমদম আসনে তৃণমূল প্রার্থী সৌগত রায় উত্তর দমদম পুর এলাকায় এবং ঐ আসনে বাম প্রার্থী সুজন চক্রবর্তী খড়দা এলাকায় প্রচারে অংশ নেন।

বর্ধমান দুর্গাপুর আসনে বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ আজ প্রাতঃভ্রমণে বেরিয়ে স্থানীয়দের সঙ্গে ক্রিকেট খেলেন। পরে ভাতার বিধানসভা এলাকায় গৌড় মন্দিরে পুজো দেন তিনি। এই আসনে তৃণমূল প্রার্থী কীর্তি আজাদ মন্তেশ্বর বিধানসভা এলাকায় মন্দিরে পুজো দিয়ে প্রচার শুরু করেন।

বালুরঘাটের বিজেপি প্রার্থী ডক্টর সুকান্ত মজুমদার হিলিতে ও কোচবিহারের বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিক দিনহাটার প্রচার সারেন।

দক্ষিণ মালদার বিজেপি প্রার্থী শ্রীরূপা মিত্র চৌধুরী এদিন মথুরাপুরহাটে মানুষের সঙ্গে জনসংযোগ সারেন। এই আসনে কংগ্রেস প্রার্থী ইশা খান চৌধুরী মোথাবাড়ি বিধানসভার বাবলা, বাঙ্গিটোলা ও পঞ্চনন্দপুরে প্রচারে অংশ নেন।

উত্তর মালদার রতুয়ায় এক নির্বাচনী সভায় অংশ নিয়ে কেন্দ্রীয় সরকারের কড়া সমালোচনা করেন বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী মোস্তাক আলম।

ডাবগ্রাম ফুলবাড়ি বিধানসভা কেন্দ্রে এদিন প্রচার সারেন জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী নির্মল চন্দ্র রায়। এক কর্মীর বাড়িতে করেন মধ্যাহ্নভোজন।

দার্জিলিং এর তৃণমূল প্রার্থী গোপাল লামা চোপড়াতে ভোট প্রচারে অংশ নেন।

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল নদীয়ার কৃষ্ণনগর কেন্দ্রে লোকসভা নির্বাচনের প্রচারে অংশ নেবেন। কৃষ্ণনগরের সভা ছাড়াও পরের পাঁচ দিনে তাঁর আটটি সভা রয়েছে বলে জানা গেছে। সোমবার মুর্শিদাবাদের বহরমপুরে একটি জনসভায় অংশ নেওয়ার কথা তৃণমূল প্রধানের।

---------------------

লোকসভা নির্বাচনের মুখে দার্জিলিং আসনে রাজু বিস্তাকে ফের প্রার্থী করা নিয়ে ক্ষুব্ধ কার্শিয়াং-এর বিজেপি বিধায়ক বিষ্ণু প্রসাদ শর্মা আজ নির্দল হিসাবে মনোনয়ন পত্র জমা দিয়েছেন। এপ্রসঙ্গে বিদায়ী সাংসদ রাজু বিস্তা বলেন, বিষ্ণুপ্রসাদের সাংসদ হওয়ার ইচ্ছে ছিল এটা স্পষ্ট। বিধায়ক পদ থেকে ইস্তফা দিয়েই তাঁর মনোনয়ন জমা দেওয়া উচিত ছিল বলেও মন্তব্য করেন নিনি।

এদিকে, বিষ্ণু প্রসাদ শর্মাকে মনোনয়ন তুলে নেওয়ার জন্য আবেদন জানিয়েছেন শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ।

---------------------

SUCI (মার্কসবাদী) রাজ্যের দুই বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে প্রার্থী ঘোষণা করেছে। বরানগর কেন্দ্রে সমর সিনহা এবং ভগবানগোলা কেন্দ্রে ওমর খৈয়ামকে প্রার্থী করা হয়েছে।

---------------------

বিজেপি রাজনৈতিক কারণে পশ্চিমবঙ্গে ইডি সিবিআই-কে ব্যবহার করছে বলে রাজ্যের মন্ত্রী ব্রাত্য বসু অভিযোগ করেছেন। আজ মালদার গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় অধ্যাপক সমিতি রাজ্য সম্মেলনে যোগ দিয়ে ব্রাত্য বাবু বলেন, মমতা ব্যানার্জীর সততার ভাবমূর্তিকে কালিমালিপ্ত করতে বিজেপি সবরকম চেষ্টা চালাচ্ছে।

---------------------

নির্বাচনের সময় নানা প্রতিশ্রুতি দিলেও ভোট শেষ হলেই কেন্দ্র ও রাজ্য সরকারের সেসব কথা মনে থাকবে না বলে বহরমপুরের বিদায়ী সাংসদ তথা প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। ভোটে মুর্শিদাবাদ ও মালদার ফলাফল দেখলেই বোঝা যাবে যে, মমতা ব্যান্যার্জীর মিথ্যাচারের রাজনীতি মানুষ মেনে নিচ্ছে না।

বাইট

---------------------

রেশন দুর্নীতিকাণ্ডে জেলবন্দি শেখ শাহজাহানকে আজ বসিরহাট জেলে গিয়ে জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করেছে ইডি। সাড়ে চার ঘণ্টারও বেশী সময় ধরে তাকে জেরা করা হয়। ইডি সূত্রে জানা গিয়েছে, জমি দখল করে ভেড়ির ব্যবসার আড়ালে চিংড়ি রফতানির নামে বিদেশে টাকা পাচার করতেন শেখ শাহজাহান। গত ১৪ মার্চ ধামাখালি ও সরবেড়িয়ায় শাহজাহানের সিন্ডিকেটের একাধিক ভেড়ি ব্যবসায়ীর বাড়িতে তল্লাশি চালান ইডি আধিকারিকরা। তদন্তকারীদের দাবি, ওই ব্যবসায়ীদের বাড়ি থেকে উদ্ধার নথিতে স্পষ্ট যে শাহজাহান বিদেশে চিংড়ি রফতানির ব্যবসার নামে টাকা পাচার করত। সোমবার পিএমএলএ আদালতে শাহজাহানের হেফাজত চাইবে ইডি।

জেলবন্দি শেখ শাহজাহানকে জেরা করতে চেয়ে আজই বসিরহাট আদালতে আবেদন করেছিল ইডি। এদিন বেলা ১১টা নাগাদ ইডির পাঁচ সদস্যের এক প্রতিনিধি দল বসিরহাট আদালতে এসে পৌঁছান। কী কারণে জেরা সেই সংক্রান্ত নথি আদালতে জমা দেয় তদন্তকারী সংস্থা। এরপরই শাহজাহানকে জেরা করার অনুমতি দেয় বসিরহাট আদালত। এরপর বেলা ১টা নাগাদ আদালতের অনুমতি নিয়ে বসিরহাট জেলে পৌঁছন ইডির আধিকারিকরা।

----------------------

পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে বিস্ফোরণের ঘটনায় তৃণমূল কংগ্রেসের ৮ জন নেতা কর্মীকে জাতীয় তদন্ত সংস্থা – এনআইএ আজ জিজ্ঞাসাবাদের জন্য নিউটাউনের অফিসে তলব করলেও কেউ সেখানে যান নি বলে খবর। এর আগে গত বৃহস্পতিবার সকালে তাদের হাজির হতে বলা হলেও কেউই না যাওয়ায় ফের নোটিশ পাঠানো হয়।

---------------------

উচ্চমাধ্যমিকে সেমিস্টার ব্যবস্থাতেও থাকছে পাশ ফেল প্রথা। প্রথম এবং তৃতীয় সেমিস্টার ন্যনতম পাশ মার্ক না থাকলে পরের সেমিস্টারে বসতে পারবে না পড়ুয়ারা। বিশেষজ্ঞদের আলোচনার পর এ সংক্রান্ত চূড়ান্ত গাইডলাইন প্রকাশ করা হবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সচিব প্রিয়দর্শিনী মল্লিক জানিয়েছেন। তিনি জানান, পরীক্ষার্থীদের প্রত্যেক সেমিস্টারেই পাশ করতে হবে। তবে কত নম্বর পাশ মার্কের জন্য ধার্য করা হবে, সেই বিষয়গুলি এখনও আলোচনা স্তরেই রয়েছে।

উল্লেখ্য, এর আগে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তরফে জানানো হয়েছিল যে, প্রথম ও তৃতীয় সেমিস্টারে পাশ নম্বর না থাকলেও দ্বিতীয় ও চতুর্থ সেমিস্টারে বসা যাবে।

---------------------

রামকৃষ্ণ মঠ ও মিশনের অন্তর্বর্তীকালীন অধ্যক্ষ হচ্ছেন স্বামী গৌতমানন্দজী মহারাজ। অছি পরিষদের সিদ্ধান্ত ক্রমে গৌতমানন্দজী মহারাজ পরবর্তী স্থায়ী অধ্যক্ষ নির্বাচন পর্যন্ত দায়িত্বভার পালন করবেন।

---------------------

গার্ডেনরিচে বেআইনী নির্মাণ ভেঙে ১২ জনের মৃত্যুর ঘটনার পুনরাবৃত্তি ঠেকাতে তৎপরতা শুরু করেছে কলকাতা পুরসভা। কেএমসি এমপ্লয়ি অ্যাপ নামে একটি নতুন অ্যাপ খুব শীঘ্রই চালু করতে চলেছে পুরসভা। প্রতিটি ওয়ার্ডে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়াররা নিয়মিত পরিদর্শন করে নির্মাণ সংক্রান্ত যাবতীয় ছবি ও বিস্তারিত তথ্য এই অ্যাপে আপলোড করবেন। এর ফলে বেআইনী নির্মাণ চিহ্নিত করা ও দ্রুত ব্যবস্থা গ্রহণ করা যাবে বলে পুরসভার তরফে জানানো হয়েছে।

এদিকে, কলকাতার পিকনিক গার্ডেনে আজ একটি নির্মীয়মান বহুতলের তৃতীয় তলার একাংশ ভেঙে পড়ে। বরাত জোরে বেঁচে যান স্থানীয় এক বাসিন্দা। পুলিশ সেখানে যায়।

---------------------

আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, আগামীকাল যুব ভারতী ক্রীড়াঙ্গনে চেন্নাইয়িন এফসি-র বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান ১৮ ম্যাচে ৩৯ পয়েন্ট নিয়ে লিগ তালিকার দ্বিতীয় স্থানে আছে। শীর্ষে থাকা মুম্বাই সিটি এফ সি, র ১৯ ম্যাচে পয়েন্ট ৪১, অন্যদিকে চেন্নাইয়িন এফ সি ১৮ ম্যাচে ১৮ পয়েন্ট পেয়ে ১২ দলের আইএসএলে একাদশ স্থানে রয়েছে।

--------------------- ---------------------